সম্প্রীতির পথে তারুণ্যের সাথে

ব্রেইভ প্রকল্পের একটি বিশেষ প্রকাশনা

The Hunger Project. BANGLADESH

Federal Foreign Office

সম্প্রীতির পথে
তারুণ্যের সাথে

সম্প্রীতির পথে তারুণ্যের সাথে
ব্রেইভ প্রকল্পের একটি বিশেষ প্রকাশনা

উপদেষ্টামণ্ডলী
ড. বদিউল আলম মজুমদার
নাছিমা আক্তার জলি

সম্পাদনা
আনোয়ার ফরহাদ
তাসনিম তারান্নুম
অলিউল ইসলাম

সহযোগিতায়
ব্রেইভ প্রকল্পের কর্মকর্তাগণ

প্রচ্ছদ
মামুন হোসাইন

ডিজাইন
সোহেল রানা
সাইফুল সারওয়ার

প্রকাশকাল
ফেব্রুয়ারি ২০২৩

মুদ্রণ
ইনোসেন্ট
১৪৭/১, আরামবাগ, ঢাকা-১০০০

মুখবন্ধ



ড. বদিউল আলম মজুমদার
গ্লোবাল ভাইসপ্রেসিডেন্ট ও কান্ট্রি ডিরেক্টর
দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ

বাংলাদেশের স্বাধীনতা অর্জিত হয়েছিল একটি রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধ এবং অসংখ্য প্রাণের বিনিময়ে। মুক্তিযুদ্ধের মূল লক্ষ্য ছিল সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক ন্যায় বিচারসহ কতগুলো চেতনা ও মূল্যবোধের মাধ্যমে একটি সম্প্রীতির বাংলাদেশ গড়ে তোলা। দুর্ভাগ্যবশত স্বাধীনতার ৫১ বছরে এসেও আমাদের মধ্যে সামাজিক সম্প্রীতি ও সহনশীলতার ঘাটতি লক্ষণীয়। সাম্প্রতিক বছরগুলোতে সামাজিক, রাজনৈতিক এবং ব্যক্তিগত পরিসরে অসহিষ্ণুতা, সংঘাত এবং সহিংসতা ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। দুর্বিষহ হয়ে উঠছে মানুষের ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক জীবন। বিশেষ করে তরুণদের মধ্যে উদ্বেগজনকভাবে বাড়ছে অস্থিরতা, হতাশা এবং নিরাপত্তাহীনতা–যা অনেক তরুণকে ঠেলে দিচ্ছে সহিংস উগ্রবাদের দিকে।

সমাজে সম্প্রীতিহীনতা, দ্বন্দ্ব ও সহিংসতার উৎস সাধারণত তিনটি : রাজনৈতিক, ধর্মীয় ও জাতিগত ভিন্নতা। কিন্তু একটি সমাজে সাধারণত ভিন্ন ও স্বতন্ত্র ধর্ম, বর্ণ, গোত্র, জাতিসত্তা ও ভাষাভাষী মানুষ বসবাস করে। বহুত্ববাদী সমাজে সামাজিক সম্প্রীতি বজায় রাখার জন্য প্রয়োজন সমাজে পরিচয়ভিত্তিক ভিন্নদের সম্পর্কে বিরাজমান পূর্ব ধারণা বা বিদ্বেষাত্মক মনোভাবের অবসান ঘটিয়ে সবার জন্য শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করা। আর 'ইনক্লুসিভনেস' বা সকলকে আত্মীকরণের মাধ্যমেই এমন শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করা সম্ভব।

যেকোনো সমাজেই পরিচয়ভিত্তিক বৈচিত্র্য বা 'ডাইভারসিটি' একটি বাস্তবতা। এমনি বাস্তবতায় প্রয়োজন পূর্বধারণাগত বিদ্বেষ দূরীকরণের লক্ষ্যে সামাজিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন। আর সামাজিক দৃষ্টিভঙ্গি পরিবর্তনের জন্য প্রয়োজন সামাজিক সম্প্রীতি গড়ে তোলার 'চ্যাম্পিয়ন' বা প্রবক্তা সৃষ্টি করার মতো কার্যকর পদক্ষেপ। আরও প্রয়োজন পরিচয়ভিত্তিক ভিন্ন মতাদর্শীদের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক প্রক্রিয়ায় অন্তর্ভুক্তকরণ।

ক্ষমতার রাজনীতি ও পরিচয়ভিত্তিক ভিন্ন মতাদর্শীদের প্রতি সহিংসতার মধ্যে যোগসূত্র প্রায়শই দৃশ্যমান। অনেক ক্ষেত্রে ক্ষমতাধর রাজনীতিবিদ ও শাসকশ্রেণিকে তাদের নিজস্ব হীন স্বার্থসিদ্ধির জন্য মানুষের মধ্যকার পরিচয়ভিত্তিক ভিন্নতাকে কাজে লাগাতে দেখা যায়। অনেক সময় রাজনৈতিকভাবে ক্ষমতাধর কর্তৃক ধর্মীয় ও জাতিগত বিভেদ এবং সহিংসতা সৃষ্টি করে দুর্বলের জায়গা-জমি দখল করতে দেখা যায়। সামাজিক ও জাতিগত বিভিন্নতাকে পুঁজি করে সৃষ্ট সহিংসতার মাধ্যমে অর্থনৈতিক ফায়দা লুটের বহু নজির বাংলাদেশে রয়েছে।

বস্তুত রাজনৈতিক, ধর্মীয় ও জাতিগত বিভেদের কারণে আমাদের পুরো সমাজ আজ বিস্ফোরণোন্মুখ এক বারুদের ওপর এসে দাঁড়িয়েছে। ভবিষ্যতে যেকোনো দেশি-বিদেশি স্বার্থান্বেষী মহল রাজনৈতিক কিংবা অন্য কোনো উদ্দেশ্যে জ্বলন্ত দেয়াশলাইয়ের কাঠি এর ওপর ছুড়ে দিতে পারে, যা নিয়ন্ত্রণ করা কর্তৃপক্ষের পক্ষে সম্ভব নাও হতে পারে। তাই রাজনৈতিক দলসমূহের ঐকান্তিক প্রচেষ্টা হওয়া উচিত নিজেদের মধ্যে নতুন একটি 'রাজনৈতিক বন্দোবস্তের' ব্যবস্থা করা। যে বন্দোবস্ত আমাদের রাজনৈতিক পরিসরে সুষ্ঠু রাজনৈতিক চর্চা নিশ্চিত করার পাশাপাশি সামাজিক পরিসরে সম্প্রীতি ও সহনশীলতাও নিশ্চিত করবে।

সমাজে বিকাশমান ধারাকে অব্যাহত রাখতে সম্প্রীতি চর্চার কোনো বিকল্প নেই। যুথবদ্ধতার মধ্য দিয়েই সমাজের সৃষ্টি। এরই ধারাবাহিকতায় মানব সমাজের বিকাশ। যে সমাজে ঐকমত্যের ক্ষেত্র যত বিস্তৃত, সে সমাজের খুঁটি তত শক্ত এবং সে সমাজে আত্মঘাতী দ্বন্দ্ব ও সহিংসতার মাধ্যমে গোটা জাতিকে ধ্বংসের দিকে ঠেলে দেওয়ার আশঙ্কাও তত কম।

আমরা মনে করি, শুধু আইন বা শক্তি প্রয়োগ করে সম্প্রীতির বাংলাদেশ গড়ে তোলা সম্ভব নয়। এজন্য প্রয়োজন স্থানীয় পর্যায়ে সর্বস্তরের মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টি করে একটি সহনশীল পরিবেশের জন্য সকলের সম্পৃক্ততা বাড়ানো। পাশাপাশি এমন কিছু সর্বজনীন কর্মসূচি গ্রহণ করা, যার মধ্য দিয়ে জাতি, ধর্ম, বর্ণ, গোত্র, নারী-পুরুষ নির্বিশেষে সকলের অংশগ্রহণের মাধ্যমে একটি সামাজিক আন্দোলন গড়ে ওঠে। একটি সম্প্রীতির সংস্কৃতি গড়ে ওঠে।

দি হাঙ্গার প্রজেক্ট-এর উদ্যোগে পরিচালিত ব্রেইভ প্রকল্পটি ছিল স্থানীয় মানুষদের সম্পৃক্ত করে তাদের নেতৃত্বে শান্তি, সম্প্রীতি ও সহিংসতামুক্ত সমাজ বিনির্মাণের একটি প্রচেষ্টা। প্রকল্পটির মাধ্যমে কিছু উল্লেখযোগ্য অর্জন সাধিত হয়েছে। বর্তমান প্রকাশনাটিতে ব্রেইভ প্রকল্পের কিছু কার্যক্রম ও সফলতার গল্প তুলে ধরা হয়েছে। মাঠপর্যায়ের সকল স্বেচ্ছাব্রতী–যাদের কার্যক্রমের ফলে এই প্রকাশনাটি সম্ভব হয়েছে তাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি।



বহুত্ববাদ, সহনশীলতা এবং সামাজিক সম্প্রীতি সৃষ্টির লক্ষ্যে জার্মান ফেডারেল ফরেন অফিসের অর্থায়নে দি হাঙ্গার প্রজেক্ট ২০২০ সাল থেকে বাগেরহাট জেলার তিনটি উপজেলার ২৪টি ইউনিয়নে ও দুইটি পৌরসভায় ব্রেইভ প্রকল্পটি বাস্তবায়ন করছে। এই প্রকল্পের অধীনে সামাজিক দায়বদ্ধতা দ্বারা উদ্বুদ্ধ হয়ে বিপুল সংখ্যক তরুণ-তরুণী তাদের এলাকাকে শান্তিপূর্ণ করতে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছেন–এক্ষেত্রে তাদেরকে সহায়তা করছেন একদল মেন্টর।

২০২২ সালে আমি প্রকল্প এলাকা ঘুরে দেখার সুযোগ পেয়েছিলাম। প্রকল্প সংশ্লিষ্ট সকলের নিষ্ঠা ও কঠোর পরিশ্রমে অর্জিত ফলাফল আমাকে গভীরভাবে অনুপ্রাণিত করেছে। আমি আশা করি সবাই, বিশেষ করে তরুণরা, তাদের এই গুরুত্বপূর্ণ কাজটি চালিয়ে যাবেন।

আখিম ট্রোস্টার
জার্মান রাষ্ট্রদূত

শুভেচ্ছা বার্তা

মোহাম্মদ আজিজুর রহমান
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, বাগেরহাট

দি হাঙ্গার প্রজেক্ট-এর ব্রেইভ প্রকল্পের উদ্যোগে একটি বিশেষ প্রকাশনা প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। এ উপলক্ষে আমি ব্রেইভ প্রকল্পের সাথে জড়িত সকল ইয়ুথ, মেন্টর, পিভিই কমিটির সদস্যবৃন্দ এবং কর্মকর্তা ও কর্মচারীদের জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

মহান ভাষা আন্দোলনের এই মাসে আমি পরম শ্রদ্ধার সাথে স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। শ্রদ্ধাভরে স্মরণ করছি স্বাধীনতা যুদ্ধের ত্রিশ লক্ষ শহিদ ও সম্ভ্রম হারানো দুই লক্ষ মা-বোনদের। যাদের সর্বোচ্চ ত্যাগ ও সম্ভ্রমের বিনময়ে আমরা পেয়েছি স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ। আমি বিনম্র শ্রদ্ধা জানাই সকল ভাষা শহিদদের প্রতি।

আমাদের স্বাধীনতা যুদ্ধের মূল স্বপ্ন ছিল একটি ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত, সুখী-সমৃদ্ধ, অসাম্প্রদায়িক, বৈচিত্র্যময় ও উন্নত সোনার বাংলা গঠন করা। কিন্তু স্বাধীনতা পরবর্তী বিভিন্ন সময়ে রাজনৈতিক প্রেক্ষাপট ও স্বার্থান্বেষী মহলের ইন্ধনে এ দেশে বিভিন্ন সাম্প্রদায়িক সংঘর্ষ ও জঙ্গীবাদের ঘটনা ঘটেছে। এ বিষয়ে দি হাঙ্গার প্রজেক্ট তাদের ব্রেইভ প্রকল্পের মাধ্যমে তরুণ সমাজ, পেশাজীবী ও রাজনৈতিক ব্যক্তিত্ব এবং সাধারণ মানুষের সমন্বিত শক্তির মাধ্যমে সহিংস উগ্রপন্থা ও জঙ্গীবাদের বিরুদ্ধে প্রতিরোধমূলক এবং সমাজে বৈচিত্র্য ও সম্প্রীতির উদ্দেশ্যে একটি সহনশীল সমাজ গঠনে বাগেরহাটের তিনটি উপজেলায় (সদর, ফকিরহাট ও মোংলা) কাজ করে যাচ্ছে। প্রশাসনের সহযোগী কার্যক্রম হিসেবে তাদের এ কার্যক্রম প্রশংসার দাবি রাখে। বিভিন্ন ধর্মীয় নেতাদের সাথে সংলাপ, স্কুল-কলেজের কোমলমতি ছাত্র-ছাত্রীদের সচেতন করা, ইউনিয়ন পরিষদগু-লাতে সম্প্রীতি সমাবেশ ইত্যাদি কার্যক্রমের মধ্য দিয়ে সমাজে সম্প্রীতি রক্ষার মাধ্যমে একটি মডেল বাগেরহাট তৈরিতে তাদের এ সকল কার্যক্রমের জন্য আন্তরিক ধন্যবাদ জানাই। উন্নত ও স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয়ে তারা এরূপ কার্যক্রম চলমান রাখবে বলে আমার বিশ্বাস।

বাগেরহাটবাসির জন্য সম্প্রীতি ও বৈচিত্র্যময়তার চর্চায় এ প্রকাশনা সহায়ক ভূমিকা রাখবে বলে আমি মনে করি। আমি ব্রেইভ প্রকল্প ও এ প্রকাশনার সার্বিক সফলতা কামনা করি।

জয় বাংলা।
বাংলাদেশ চিরজীবী হোক।

২০২০ সালে জার্মান সরকারের সহায়তায় দি হাঙ্গার প্রজেক্ট-এর উদ্যোগে ব্রেইভ প্রকল্পের যাত্রা শুরু হয়। দীর্ঘ তিন বছর বাগেরহাট জেলার তিনটি উপজেলার ২৪টি ইউনিয়ন ও দুইটি পৌরসভায় প্রকল্পটির কার্যক্রম পরিচালিত হয়।

আমি আমার সংগঠনের পক্ষ থেকে সামাজিক সম্প্রীতি বৃদ্ধি ও সহিংসতা প্রতিরোধে কাজ করার জন্য স্বেচ্ছাব্রতী তরুণ, ধর্মীয় নেতা, শিক্ষক তথা মেন্টরদের আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাচ্ছি। পাশাপাশি বাগেরহাটের স্থানীয় প্রশাসনকেও আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি প্রকল্প কার্যক্রমে সহায়তা প্রদানের জন্য। স্থানীয় প্রশাসনের সক্রিয় সহযোগিতা ছাড়া আমাদের কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করা সম্ভব হতো না। আমি ধন্যবাদ জানাই আমার সকল সহকর্মীকে–যারা অক্লান্ত পরিশ্রম করেছেন প্রকল্প চলাকালীন সময়ে। আমাদের বিশ্বাস ধর্ম, বর্ণ, গোত্র নির্বিশেষে নিজেদের মধ্যে সম্প্রীতি বৃদ্ধি পেলেই একটি সুন্দর, সহনশীল এবং মানবিক বাংলাদেশ গড়ে তোলা সম্ভব।

নাছিমা আক্তার জলি

পরিচালক (প্রোগ্রাম), দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ ও
প্রকল্প পরিচালক, ব্রেইভ

প্রেক্ষাপট

একটি সহিংসতামুক্ত ও অসাম্প্রদায়িক রাষ্ট্র গঠনের স্বপ্ন নিয়ে বাংলাদেশের জন্ম হলেও উগ্রপন্থা, ধর্মীয় ও জাতিগত ঘৃণা এবং হানাহানি থেকে আমরা এখনও পুরোপুরি মুক্ত হতে তো পারিইনি, বরং এই সংকট যেন ক্রমাগত বেড়েই চলেছে। আমরা লক্ষ করছি, দেশের বিভিন্ন স্থানে ধর্মীয় অসহিষ্ণুতা ও জাতিগত অপরাধের ঘটনা ঘটছে। কখনও অপর ধর্ম ও জাতির প্রতি তীব্র ঘৃণা ও অবজ্ঞা, কখনও নিজেদের শ্রেষ্ঠত্ব প্রতিষ্ঠা আবার কখনও সামান্য ফেসবুক পোস্টকে কেন্দ্র করে হামলা ও সহিংসতার ঘটনা ঘটছে–যা আমাদের বৈচিত্র্য ও সহনশীলতার মূল্যবোধকে ক্ষতিগ্রস্ত করছে। এসব অনাকাঙ্ক্ষিত ঘটনা মানবিক মর্যাদা, সামাজিক ন্যায়বিচার, অসাম্প্রদায়িকতা, সহনশীলতা ও সম্প্রীতির মতো রাষ্ট্রের মৌলিক নীতিগুলোকে ধ্বংস করছে। দুর্ভাগ্যবশত বেশিরভাগক্ষেত্রে তরুণরাই ধর্মীয় ও জাতিগত উগ্রতা ও সহিংসতার নেতৃত্ব দিচ্ছে অথবা ব্যবহৃত হচ্ছে। শুধুমাত্র মাদ্রাসাপড়ুয়া তরুণরাই নয়; স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়পড়ুয়ারাও সহিংস চরমপন্থার দিকে ধাবিত হচ্ছে।

২০১৬ সালের ১ জুলাই গুলশানের হলি আর্টিজানে জঙ্গি হামলার পর আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাঁড়াশি অভিযানে জঙ্গি হামলা কিছুটা নিয়ন্ত্রণে আসলেও ২০১৯ ও ২০২০ সালে দেশের বিভিন্ন স্থানে আবারও জঙ্গি হামলার ঘটনা ঘটে। এছাড়া ধর্মীয় ও জাতিগত সংখ্যালঘুদের ওপরও হামলার ঘটনা ঘটেছে অনেক। মানুষের সাথে মানুষের সম্পর্কের মধ্যে যখন সম্প্রীতি, সদ্ভাব ও সহমর্মিতা বিরাজ করে তখন নিজেদের মধ্যে বিদ্যমান মতবিরোধগুলি পারস্পরিক আলাপ-আলোচনার মাধ্যমে সমাধান করার পরিবেশ সৃষ্টি হয়। কেবল আইনি শক্তি প্রয়োগ করে এই পরিবেশ সৃষ্টি করা সম্ভব নয়। এর জন্য প্রয়োজন সকল ধর্ম, বর্ণ, গোত্র, জাতির মানুষকে একত্র করে একটি সুন্দর, সহনশীল এবং মানবিক সমাজ গড়ে তোলার জন্য কাজ করা। এমনি প্রেক্ষাপটে ২০২০ সালের মার্চে বাগেরহাট জেলার তিনটি উপজেলার একদল মানবিক ও বিবেকবান তরুণ, স্থানীয় রাজনীতিবিদ, শিক্ষক, সাংবাদিক এবং ধর্মীয় নেতাদের নিয়ে উগ্রতা ও সহিংসতামুক্ত সমাজ গড়ার লক্ষ্য নিয়ে ব্রেইভ (বিল্ডিং রেজিলিয়েন্স এগেইন্সট ভায়োলেন্ট এক্সট্রিমিজম) প্রকল্পের যাত্রা শুরু হয়। জার্মান দূতাবাসের সহায়তায় দি হাঙ্গার প্রজেক্ট প্রকল্পটি বাস্তবায়ন করে।

উদ্দেশ্য

প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে, বাংলাদেশে ক্রমবর্ধমান উগ্রবাদ ও চরমপন্থা দূর করে সম্প্রীতি ও সহনশীল সমাজ তৈরির লক্ষ্যে কাজ করা।

সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ হচ্ছে :

- একদল মেন্টর, তরুণ ও নারীর সমন্বয়ে একটি দল তৈরি করা, যাতে তারা তাদের জ্ঞান ও দক্ষতা কাজে লাগিয়ে উগ্রবাদ সম্পর্কিত বিষয় নিয়ে কাজ করতে পারে;
- উগ্রবাদ ও চরমপন্থার বিরুদ্ধে কাজ করা মেন্টর, তরুণ ও নারীদের সার্বিক সহায়তা প্রদান করা;
- বিভিন্ন অংশীজনের সঙ্গে কার্যক্রমের অভিজ্ঞতা বিনিময় করা।

কর্মকৌশল

লক্ষ্য পূরণে মূলত চারটি কর্মকৌশল গ্রহণ করা হয় :

- প্রশিক্ষণের মাধ্যমে স্থানীয় তরুণ, নারী, রাজনীতিবিদ, জনপ্রতিনিধি, সাংবাদিক, শিক্ষকদের সম্প্রীতির গুরুত্ব, দ্বন্দ্ব প্রশমন, চরমপন্থার নেতিবাচক প্রভাব, ঘৃণামূলক অপরাধ, দাঙ্গা ও উসকানিমূলক বক্তব্য কমানোর উপায় ইত্যাদির ওপর সক্ষমতা বৃদ্ধি।
- ধর্মীয় উগ্রবাদ ও সাম্প্রদায়িকতার মানসিকতা পরিবর্তনে সমাজের সকল ইতিবাচক শক্তিকে সংগঠিত করে সংঘবদ্ধ শক্তি গড়ে তোলা;
- কার্যক্রমের অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে স্থানীয় সরকার ও প্রশাসনের সঙ্গে কৌশলগত সম্পর্ক তৈরি করা;
- আন্তঃধর্মীয় সংলাপ, প্রশিক্ষণ, প্রচারাভিযান ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে বিভিন্ন অংশীজনদের ক্ষমতায়িত করা।

পাঁচটি সামাজিক ইউনিট

ইয়ুথ লিডার ৫২০ জন । নারীনেত্রী ২৭ জন । মাস্টার ট্রেইনার ১৫ জন । পিভিই কমিটি ২৭ জন । মেন্টর ৬০ জন

প্রকল্প এলাকা

বাগেরহাট জেলার তিনটি উপজেলা, যথা ফকিরহাট, মোংলা ও বাগেরহাট সদর উপজেলার ২৪টি ইউনিয়ন ও ২টি পৌরসভা

প্রকল্প মেয়াদ

মার্চ ২০২০-ফেব্রুয়ারি ২০২৩

কার্যক্রম

একনজরে কার্যক্রমসমূহ

কার্যক্রম	কর্মসূচির সংখ্যা	নারী	পুরুষ	মোট
মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ	১	৩	১৭	২০
সামাজিক সম্প্রীতি কর্মশালা পরিচালনার প্রশিক্ষকদের প্রশিক্ষণ	২	৩২	২০	৫২
মেন্টর প্রশিক্ষণ	৩	১৭	৪৩	৬০
ইউনিয়ন পরিষদের ইয়ুথ ও নারীদের সাথে দ্বিমাসিক ফলোআপ সভা	৩০০	২,৫৯৩	৯১৬	৩,৫০৯
তরুণদের প্রশিক্ষণ	২৬	২২২	২৯৮	৫২০
নারীনেত্রী প্রশিক্ষণ	১	২৭	০০	২৭
জেলা পর্যায়ে ধর্মীয় নেতাদের মধ্যে সংলাপ	৪	৭৫	৩২৪	৩৯৯
উপজেলা পর্যায়ে মেন্টর ও ইয়ুথদের ত্রৈমাসিক ফলোআপ সভা	২৪	৩৩১	৬৯৯	১,০৩০
ইউনিয়ন পরিষদের নির্বাচিত প্রতিনিধিদের প্রশিক্ষণ	১০	৮৯	২৫০	৩৩৯
ইউনিয়ন পরিষদ, বিভিন্ন পেশাজীবী ও স্থানীয় নেতাদের সাথে মতবিনিময় ও সচেতনতা বৃদ্ধিতে বার্ষিক সভা	৭০	৭০৬	১,৭৫৩	২,৪৫৯
ইউনিয়ন পরিষদের আইনশৃঙ্খলা রক্ষাকারী কমিটির সাথে ত্রৈমাসিক সভা	২৩৮	৭৫৯	২,৫৬১	৩,৩২০
তৃণমূল পর্যায়ে সহিংস উগ্রপন্থা প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রচারণা (স্কুল ক্যাম্পেইন, সম্প্রীতি সমাবেশ, সম্প্রীতি অলিম্পিয়াড, উঠান বৈঠক, সম্প্রীতি মেলা, মসজিদ-মন্দির-গির্জা-ভিত্তিক প্রচারণা, বিলবোর্ড স্থাপন, মাইকিং, সম্প্রীতি বিষয়ক বিতর্ক কর্মশালা ও প্রতিযোগিতা)	১৯৮	২৩,৩৩১	১৬,৯৭৭	৪০,৩০৮
সংশ্লিষ্ট অংশীজনদের সাথে লার্নিং ও শেয়ারিং সভা	৩	২৫৭	৩২৯	৫৮৬
সামাজিক সম্প্রীতি বিষয়ক কর্মশালা	৪৬	৫০৫	৫৫৩	১,০৫৮
জেলা সহিংস উগ্রপন্থা নিরসন কমিটির ত্রৈমাসিক সমন্বয় সভা	৯	৪২	২৩৫	২৭৭
প্রকল্প পর্যালোচনা সভা	৭	৯০	১১৯	২০৯
জেলা সহিংস উগ্রপন্থা নিরসন কমিটির সমন্বয় টিম গঠন সভা	১	১	২৫	২৬
প্রকল্প পূর্ববর্তী অবস্থা যাচাই (বেইজলাইন জরিপ)	১	৩৭০	৩৭৬	৭৪৬
প্রকল্প মধ্যবর্তী ফলাফল যাচাই (মিডলাইন জরিপ)	১	৮৩	১১৪	১৯৭
সমাজের ওপর প্রভাব চিহ্নিতকরণ কার্যক্রম (ইম্প্যাক্ট স্টাডি)	১	৬৩	৯৮	১৬১
প্রকল্প পরবর্তী অবস্থা যাচাই (এন্ডলাইন জরিপ)	১	৩৭০	৩৭৬	৭৪৬
মোট	**৯৪৭**	**২৯,৯৬৬**	**২৬,০৮৩**	**৫৬,০৪৯**

অর্জন

- ৪৩টি প্রশিক্ষণে ১,০১৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, যার মধ্যে ৩৫% নারী;
- ৯৪৭টি কার্যক্রমের মাধ্যমে প্রায় ৫৬,০৪৯ জনের কাছে পৌঁছানো হয়েছে; যারা প্রায় লক্ষাধিক মানুষের কাছে এই বার্তা পৌঁছে দিয়েছেন;
- সচেতনতামূলক প্রচার কার্যক্রমের মাধ্যমে প্রকল্প এলাকার ১৫৪টি শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে ১৪২টি (৯২%) শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় ২০,০০০ শিক্ষার্থীকে সচেতন করা হয়েছে;
- ইয়ুথ ও মেন্টররা ১৬টির বেশি ধর্মীয় দ্বন্দ্ব নিরসন করেছেন;
- ব্রেইভ কার্যক্রমের তথ্যায়নের জন্য একটি শক্তিশালী ডাটাবেইজ তৈরি করা হয়েছে;
- ইউনিয়ন পরিষদের ৩৩৯ জন নির্বাচিত জনপ্রতিনিধিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- সহিংস উগ্রপন্থা প্রতিরোধে পরিচালিত কার্যক্রমের অর্জন ও সফলতাসমূহ চিহ্নিত করার জন্য মাঠপর্যায়ে চারটি গবেষণা (শুরুতে কর্মএলাকার সহিংস উগ্রপন্থা সম্পর্কিত অবস্থা বুঝার জন্য বেইজলাইন, মাঝামাঝি সময়ে কার্যক্রমটি অবস্থা যাচাইয়ের উদ্দেশ্যে মিডলাইন, কার্যক্রমের ফলাফল যাচাইয়ের লক্ষ্যে ইমপ্যাক্ট এবং প্রকল্প পরবর্তী অবস্থা যাচাইয়ের লক্ষ্যে এন্ডলাইন) পরিচালনা করা হয়েছে।

প্রকল্প এলাকার মানুষের মধ্যে বহুত্ববাদ ও বৈচিত্র্যময়তাকে বরণ করার মানসিকতার তুলনামূলক চিত্র



গণজাগরণ সৃষ্টির লক্ষ্যে পরিচালিত বিশেষ কার্যক্রম

ব্রেইভের কর্মএলাকা বাগেরহাট সদর, ফকিরহাট ও মোংলা উপজেলায় বিভিন্ন প্রশিক্ষণ ও সচেতনামূলক প্রচারণার মতো নিয়মিত কার্যক্রমের পাশাপাশি নেওয়া হয়েছে কতগুলো বিশেষ কার্যক্রম। এসব কার্যক্রমের মাধ্যমে স্থানীয় মানুষের কাছে সম্প্রীতির গুরুত্ব এবং সহিংসতার ক্ষতিকর দিক তুলে ধরে সম্প্রীতির পক্ষে গণজাগরণ সৃষ্টির চেষ্টা করা হয়েছে।

সম্প্রীতি সমাবেশ

মোংলা উপজেলার চাঁদপাই ইউনিয়নের কানাইনগর গ্রামের দুর্গা মন্দিরের প্রতিমা ভাঙচুরকে কেন্দ্র সৃষ্টি হওয়া উত্তেজনা প্রশমন ও এলাকায় স্থানীয় বাসিন্দাদের মধ্যে সম্প্রীতি ও সহাবস্থানের গুরত্ব তুলে ধরার লক্ষ্যে ৮ আগস্ট ২০২২ উপজেলা প্রশাসন ও ব্রেইভ প্রকল্পের উদ্যোগে একটি সম্প্রীতি সমাবেশের আয়োজন করা হয়। চাঁদপাই ইউনিয়নের কানাইনগর মোড়ে অনুষ্ঠিত এই সম্প্রীতি সমাবেশের সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার কমলেশ মজুমদার। সমাবেশে বক্তব্য রাখেন সহকারী পুলিশ সুপার মো. আসিফ ইকবাল, উপজেলা আওয়ামী লীগের সভাপতি সুনীল কুমার বিশ্বাস, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. ইব্রাহিম হোসেন, পিভিই কমিটির সহসভাপতি মো. নূর আলম শেখ, ইসলামী শাসনতন্ত্র আন্দোলন বাগেরহাট জেলা কমিটির সভাপতি অধ্যক্ষ রুহুল আমীন, চাঁদপাই ইউপি চেয়ারম্যান মোল্লা মো. তারিকুল ইসলাম, মোংলা উপজেলা পূজা উদ্‌যাপন পরিষদের সদস্য সচিব ও মিঠাখালী ইউপি চেয়ারম্যান উৎপল কুমার মণ্ডল, সিপিবি নেতা কমরেড নাজমুল হক, জাতীয় পার্টির নেতা এরশাদুজ্জামান সেলিম, বিএনপি নেতা আব্দুর রশিদ হাওলাদার, নারীনেত্রী কমলা সরকার প্রমুখ।

কানাইনগরের সম্প্রীতি সমাবেশ থেকে উদ্বুদ্ধ হয়ে উপজেলা প্রশাসন ও ব্রেইভ যৌথ উদ্যোগে মোংলা উপজেলার সবগুলো ইউনিয়নে একই ধরনের সম্প্রীতি সমাবেশ আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করে। সিদ্ধান্ত অনুযায়ী ২৯ আগস্ট ২০২২ তারিখে বুড়িরডাঙ্গা ইউনিয়নের দিগরাজ বাজারে একটি সম্প্রীতি সমাবেশ আয়োজন করা হয়। সমাবেশে সভাপতিত্ব করেন বুড়িরডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়াম্যান উদয় শংকর বিশ্বাস। পরদিন ৩০ আগস্ট সোনাইলতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নারজিনা বেগম নাজিনার সভাপতিত্বে সোনাইলতলাতে অনুষ্ঠিত হয় তৃতীয় সম্প্রীতি সমাবেশ।

এরপর ২২ সেপ্টেম্বর ২০২২ উপজেলা পরিষদের সামনে সম্প্রীতি সমাবেশ আয়োজন করা হয়, যাতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপমন্ত্রী বেগম হাবিবুন নাহার। পরবর্তী সম্প্রীতি সমাবেশ অনুষ্ঠিত হয় ২৩ সেপ্টেম্বর চিলামারী ইউনিয়নের বৈদ্যমারী বাজারে। চিলামারী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গাজী আকবর হোসেন এতে সভাপতিত্ব করেন। পরদিন ২৪ সেপ্টেম্বর মিঠাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান উৎপল কুমার মণ্ডলের সভাপতিত্বে মিঠাখালীতে সম্প্রীতি সমাবেশ অনুষ্ঠিত হয়। সর্বশেষ সম্প্রীতি সমাবেশটি অনুষ্ঠিত হয় ২৯ সেপ্টেম্বর ২০২২ সুন্দরবন ইউনিয়নের জিউধারা বাজারে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইকরাম ইজারাদারের সভাপতিত্বে। সাতটি সম্প্রীতি সমাবেশেই মোংলা উপজেলা নির্বাহী অফিসার কমলেশ মজুমদার উপস্থিত ছিলেন।

সম্প্রীতি অলিম্পিয়াড

শিক্ষার্থীদের মধ্যে সম্প্রীতি সম্পর্কে জ্ঞানগত ধারণা বৃদ্ধির লক্ষ্যে ২৮ সেপ্টেম্বর ২০২২ তারিখে বাগেরহাটে অনুষ্ঠিত হয় সম্প্রীতি অলিম্পিয়াড। স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে বাগেরহাট জেলা পরিষদ অডিটোরিয়ামে আয়োজিত এই অলিম্পিয়াডে সদর উপজেলার ৫১টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

পায়রা উড়ানোর মধ্য দিয়ে শুরু হয় অলিম্পিয়াডের আনুষ্ঠানিক কার্যক্রম। এরপর শুরু হয় কুইজ প্রতিযোগিতা। কুইজের ২০টি প্রশ্নের ১৪টিই ছিল সম্প্রীতি সম্পর্কিত। বাকি ছয়টি প্রশ্ন ছিল বাগেরহাটের ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কিত। কুইজের পর আলোচনা সভা ও সম্প্রীতি বিষয়ে একটি নাটক মঞ্চস্থ হয়। সবশেষে কুইজ বিজয়ী ২০ জন শিক্ষার্থীর হাতে পুরস্কার ও অংশগ্রহণকারী সকল শিক্ষা প্রতিষ্ঠানকে শুভেচ্ছা উপহার প্রদান করেন অতিথিরা।

ব্রেইভ প্রকল্পের সহিংস উগ্রপন্থা প্রতিরোধ কমিটির সভাপতি এস. কে হাসিবের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন বাগেরহাট সদরের উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাব্বিরুল ইসলাম, উপজেলা মহিলা ভাইসচেয়ারম্যান রিজিয়া পারভিন, জেলা শিক্ষা অফিসের প্রশিক্ষণ সমন্বয়কারী ও জেলা সহিংস উগ্রপন্থা নিরসন কমিটির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট সেলিম আজাদ, সাংবাদিক শেখ ইয়ামিন আলি, সাংবাদিক সাকির হোসেন, সোহেল রানা বাবু প্রমুখ। এছাড়া ৫১টি শিক্ষা প্রতিষ্ঠানের ৩৫০ জন শিক্ষার্থী, ৫০ জন শিক্ষক, ব্রেইভ ইয়ুথ, মেন্টর, জেলা সহিংস উগ্রপন্থা নিরসন কমিটির সদস্যসহ পাঁচ শতাধিক মানুষ সম্প্রীতি অলিম্পিয়াডে অংশগ্রহণ করেন। দি হাঙ্গার প্রজেক্ট-এর কান্ট্রি ডিরেক্টর ড. বদিউল আলম মজুমদার ভার্চুয়ালি যুক্ত হয়ে অংশগ্রহণকারীদের শুভেচ্ছা জানান।

এর আগে সহিংস উগ্রপন্থা প্রতিরোধে সদর উপজেলার ৫১টি শিক্ষাপ্রতিষ্ঠানে স্কুল ক্যাম্পেইন ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীরাও এই অলিম্পিয়াডে অংশ নেন।

সম্প্রীতি কাবাডি প্রতিযোগিতা

‘তারুণ্যের শক্তিতে সম্প্রীতি গড়ি একসাথে’–এই প্রতিপাদ্যকে সামনে রেখে ব্রেইভ প্রকল্পের উদ্যোগে বাগেরহাট জেলার ফকিরহাটে অনুষ্ঠিত হয় সম্প্রীতি কাবাডি প্রতিযোগিতা। ২১ ডিসেম্বর ২০২২ তারিখে ফকিরহাট উপজেলার মূলঘর ইউনিয়নের ফলতিতা শশাধর সমাজকল্যাণ মাধ্যমিক বিদ্যালয়ে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

প্রতিযোগিতায় মোট চারটি দল অংশ নেয়। দলগুলোর মধ্যে ফকিরহাটের নারী কাবাডি দলের বিরুদ্ধে প্রতিযোগিতা করে বাগেরহাট সদর উপজেলা নারী দল। অন্যদিকে, ফকিরহাটের বাহিরদিয়া পুরুষ কাবাডি দলের বিরুদ্ধে প্রতিযোগিতা করে পিলজংগ ইউনিয়ন পুরুষ দল। প্রতিযোগিতায় ফকিরহাট উপজেলা এবং পিলজংগ ইউনিয়ন বিজয় লাভ করে। প্রতিযোগিতা শেষে সামাজিক সম্প্রীতির ওপর একটি নাটক মঞ্চস্থ করার মধ্য দিয়ে ব্রেইভ প্রকল্পের উদ্দেশ্য তুলে ধরা হয়।

ফকিরহাট উপজেলা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. আলিমুজ্জামান প্রধান অতিথি হিসেবে প্রতিযোগিতার উদ্বোধন ও খেলা উপভোগ করেন। এ ছাড়া বিশেষ অতিথি হিসেবে

উপস্থিত ছিলেন মূলঘর ইউনিয়নের চেয়ারম্যান হিটলার গোলদার, পিলজংগ ইউনিয়নের চেয়ারম্যান মোড়ল জাহিদুল ইসলাম, মূলঘর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবু বক্কর, ব্রেইভ প্রকল্পের বাগেরহাট জেলা পিভিই কমিটির সহসভাপতি ও বীর মুক্তিযোদ্ধা সৈয়দ আলতাফ হোসেন টিপু, পিভিই কমিটির সদস্য আমিরুল ইসলাম, ব্রেইভ প্রকল্পের সমন্বয়কারী নাজমুল হুদা মিনা। অনুষ্ঠানটি পরিচালনা করেন ফকিরহাট উপজেলার ব্রেইভ প্রকল্পের উপজেলা সমন্বয়কারী জামিলা আক্তার।

সম্প্রীতি বিষয়ক বিতর্ক কর্মশালা

২০২২ সালে ২৮ জুন অনুষ্ঠিত ব্রেইভের একটি আন্তঃধর্মীয় সংলাপে বাগেরহাট সদর উপজেলার তৎকালীন উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মদ মুছাব্বেরুল ইসলাম বিতর্কের মধ্য দিয়ে সম্প্রীতির ধারণা উপজেলার সকল শিক্ষার্থীর মধ্যে ছড়িয়ে দিতে বিতর্ক কর্মশালা আয়োজনের প্রস্তাব করেন। এরপর তিনি উপজেলা প্রশাসন ও দি হাঙ্গার প্রজেক্ট-এর যৌথ উদ্যোগে আয়োজিত বিতর্ক কর্মশালায় চার জন শিক্ষার্থীর একটি দল পাঠানোর অনুরোধ জানিয়ে উপজেলার ১৬টি স্কুলে চিঠি প্রেরণ করেন।

১৬টি স্কুলের মোট ৬৪ জন শিক্ষার্থী নিয়ে দুইটি বিতর্ক কর্মশালা অনুষ্ঠিত হয়–একটিতে ৮টি স্কুলের ৩২ জন করে। প্রথম বিতর্ক কর্মশালাটি অনুষ্ঠিত হয় ২২ অক্টোবর ২০২২ এবং দ্বিতীয়টি অনুষ্ঠিত হয় ২৯ অক্টোবর ২০২২। দুইটি কর্মশালাই অনুষ্ঠিত হয় বাগেরহাটের যদুনাথ স্কুল অ্যান্ড কলেজের হলরুমে।

কর্মশালা দুইটিতে দিনের প্রথম অংশে সামাজিক সম্প্রীতি কর্মশালা ও দ্বিতীয় অংশে সম্প্রীতি বিষয়ক বিতর্ক কর্মশালা অনুষ্ঠিত হয়। দুইটি কর্মশালাতেই সহায়ক হিসেবে উপস্থিত ছিলেন বাগেরহাট সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ মুছাব্বেরুল ইসলাম। এছাড়া সহায়ক হিসেবে আরও ছিলেন ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশ খুলনা জোনের সমন্বয়ক আবিদা সুলতানা ও ব্রেইভ প্রকল্প বাগেরহাট সদর উপজেলা সমন্বয়কারী হাফিজুর রহমান। এছাড়াও উপস্থিত ছিলেন সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এসএম আজগর আলী, ব্রেইভ প্রকল্পের জেলা সহিংস উগ্রপন্থা নিরসন কমিটির সভাপতি এসকে এ হাসিব, যদুনাথ স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ ঝিমি মন্ডল, ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশ বাগেরহাট জেলার সভাপতি সেখ সাকির হোসেন, ব্রেইভ প্রকল্পের সমন্বয়কারী নাজমুল হুদা মিনা। কর্মশালা শেষে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।

যুব মিলন মেলা

ব্রেইভ প্রকল্পের প্রশিক্ষণপ্রাপ্ত তরুণ, মেন্টর এবং সহিংস উগ্রপন্থা নিরসন কমিটির সদস্যদের মধ্যে পারস্পরিক সম্পর্ক বৃদ্ধির লক্ষ্যে যুব মিলন মেলা অনুষ্ঠিত হয় বাগেরহাট সদর উপজেলার যাত্রাপুর ভৈরব নদীর চর এলাকায়। ২৫ ফেব্রুয়ারি ২০২২ বাগেরহাট সদর উপজেলার ১০টি ইউনিয়ন ও একটি পৌরসভার ২০০ জন ইয়ুথ লিডার, মেন্টর ও জেলা সহিংস উগ্রপন্থা নিরসন কমিটির সদস্য এই মিলন মেলায় অংশ নেন। তরুণ সদস্যরা চাঁদা দিয়ে এই মিলন মেলার আয়োজন করেন। জেলা সহিংস উগ্রপন্থা নিরসন কমিটির পক্ষ থেকে অংশগ্রহণকারী সকলকে একটি করে টি-শার্ট উপহার দেওয়া হয়।

দি হাঙ্গার প্রজেক্ট-এর কান্ট্রি ডিরেক্টর ড. বদিউল আলম মজুমদার ভিডিও কনফারেন্সের মাধ্যমে যুব মিলন মেলার শুভ উদ্বোধন ঘোষণা করেন। দি হাঙ্গার প্রজেক্ট-এর পরিচালক (প্রোগ্রাম) ও ব্রেইভ প্রকল্পের প্রকল্প পরিচালক নাছিমা আক্তার জলি অনলাইনে যুক্ত হয়ে সবাইকে শুভেচ্ছা জানান। আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করেন জেলা সহিংস উগ্রপন্থা নিরসন কমিটির সভাপতি এসকে এ হাসিব ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট সেলিম আজাদ।

তরুণ সদস্যরা সহিংস উগ্রপন্থা প্রতিরোধে নিজেদের এলাকায় পরিচালিত কার্যক্রমের চিত্র নানা রংয়ের কাগজে হাতে ডিজাইন করে উপস্থাপন করেন। তারা নিজেদের কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে কার্যক্রমের অর্জন, চ্যালেঞ্জ ও শিক্ষাসমূহ পরস্পরের সঙ্গে বিনিময় করেন। দিনব্যাপী অনুষ্ঠিত এই মেলায় অন্যতম আকর্ষণীয় বিষয় ছিল কুইজ প্রতিযোগিতা–যাতে অংশগ্রহণ করে তরুণ-তরুণীরা দেশের রাজনীতি, অর্থনীতি, সমাজ, সংস্কৃতি, ইতিহাস ইত্যাদি বিষয়ে নিজেদের জ্ঞান আরও সমৃদ্ধ করেন। বিকালে আলোচনা সভা ও পুরস্কার বিতরণীর মধ্য দিয়ে অনুষ্ঠানটির সমাপ্তি হয়।

করোনা প্রতিরোধে ব্রেইভ ইয়ুথ

২০২১ সালের এপ্রিলে দেশে করোনাভাইরাসের দ্বিতীয় ঢেউ শুরু হলে সংক্রমণের উর্ধ্বগতি রুখতে লকডাউন ঘোষণা করে সরকার। এরপর কয়েক ধাপে আরও বেশ কয়েকবার লকডাউনের ঘোষণা দেওয়া হয়। লকডাউনের সময় সাধারণ মানুষ ঘরে থাকলেও ব্রেইভের উদ্যোমী তরুণরা জীবনের ঝুঁকি নিয়ে বিপদগ্রস্ত মানুষের পাশে দাঁড়ায়। পাশাপাশি করোনার প্রকোপ রোধে নেমে পড়ে জনসচেতনতা সৃষ্টিতে।

ব্রেইভ প্রকল্পের আওতায় বাগেরহাট জেলার তিনটি উপজেলায় কোভিড-১৯ প্রতিরোধে মানুষদের সচেতন করার লক্ষ্যে হাত ধোয়া, শারীরিক দূরত্ব বজায় রাখা ও মাস্ক পরিধান করার গুরুত্ব বিষয়ক ১২৬টি ক্যাম্পেইন পরিচালনা করে তরুণরা, বিতরণ করা হয়েছে ১২,০০০ মাস্ক। পাশাপাশি জীবনের ঝুঁকি নিয়ে করোনা আক্রান্ত মৃতদেহ সৎকার ও কবর দেওয়ার মতো ঝুঁকিপূর্ণ কাজেও সামিল হয়। তিন উপজেলায় ২৪টি দাফন ও ১৮টি সৎকার কাজ সম্পন্ন করেছে তরুণরা। এর পাশাপাশি কোভিড আক্রান্ত রোগীর প্রয়োজনীয় ওষুধ সরবরাহ করা থেকে শুরু করে তাদের নিয়মিত সেবা শুশ্রূষাও করে। এসময় ২,৪২০টি পরিবারে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়।

এছাড়াও এই সময়ে একটি ব্লাড ডোনেশন গ্রুপও প্রতিষ্ঠিত হয় তরুণদের নেতৃত্বে। গ্রুপটি বাগেরহাট সদর হাসপাতালে করোনাকালীন রোগীদের রক্ত দিয়ে সহায়তার পাশাপাশি করোনা ভ্যাকসিন কার্যক্রম সুশৃঙ্খলভাবে সম্পন্ন করার কাজে সহযোগিতা করেন। পাশাপাশি করোনাকালীন অক্সিজেনের সিলিন্ডার ঘাটতি কাটাতে তরুণদের নেতৃত্বে তৈরি হয় অক্সিজেন ব্যাংক। এর মাধ্যমে ২২ জন রোগীকে অকিসজেন সরবরাহ করা হয়।

উল্লিখিত উদ্যোগগুলো ছাড়াও করোনা বিষয়ক সচেতনতা বৃদ্ধিতে বাগেরহাটের বিভিন্ন স্থানে প্রায় ১৫,০০০ লিফলেট বিতরণ করেছে তরুণরা। পাশাপাশি ভ্যাকসিন গ্রহণে প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে বিরাজমান গুজব, অপপ্রচার ও কুসংস্কার রোধে ব্রেইভের তরুণরা প্রচারণা কার্যক্রম চালিয়েছেন। মানুষদের উদ্বুদ্ধ করার পাশাপাশি এসময় নিজস্ব উদ্যোগে ৩,৩৯০ জনকে টিকার রেজিস্ট্রেশন করে দেয় তরুণরা। এছাড়াও ইউনিয়ন পরিষদে দেওয়া গণটিকা কার্যক্রম সফল করতে গ্রামে গ্রামে প্রচারণা চালান ব্রেইভের তরুণরা।

ব্রেইভের কার্যক্রমে স্থানীয় প্রশাসন, সরকার ও ধর্মীয় নেতাদের সম্পৃক্ততার অনন্য দৃষ্টান্ত

বাগেরহাট জেলার তিনটি উপজেলায় সহিংস উগ্রপন্থা নিরসনে পরিচালিত ব্রেইভের কার্যক্রম এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে স্থানীয় প্রশাসন, স্থানীয় সরকার ও স্থানীয় ধর্মীয় নেতারা অনবদ্য ভূমিকা পালন করেছেন। ব্রেইভ প্রকল্পের কার্যক্রমের সঙ্গে প্রায় ৩০০ ধর্মীয় নেতা যুক্ত হয়েছেন–ইমাম ২২০ জন, পাদ্রী ২০ জন এবং পুরোহিত ৬০ জন। এসব ধর্মীয় নেতারা নিয়মিত আন্তঃধর্মীয় সংলাপে অংশগ্রহণ করার মাধ্যমে নিজেদের মধ্যে আন্তঃধর্মীয় যোগাযোগ ও পারস্পরিক শ্রদ্ধাবোধের সম্পর্ক গড়ে তুলেছেন। তাঁরা বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠান ও উপসানালয়ে নিয়মিত শান্তির বার্তা প্রচারের মধ্য দিয়ে মানুষকে সম্প্রীতি রক্ষা ও বৈচিত্র্যকে গ্রহণ করার জন্য অনুপ্রাণিত করছেন। বিভিন্ন ধর্মীয় অসহিষ্ণু পরিস্থিতি মোকাবিলার ক্ষেত্রে ধর্মীয়নেতাগণ সম্প্রীতির পদযাত্রা, পুষ্প র‍্যালি, সম্প্রীতির বন্ধন, ইউনিয়ন পর্যায়ে মতবিনিময় সভা ইত্যাদি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণের মধ্য দিয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।

কার্যক্রমের শুরু থেকেই সকল আন্তঃধর্মীয় সংলাপ ও অন্যান্য অনুষ্ঠানে স্থানীয় সরকার ও স্থানীয় প্রশাসনের বিভিন্ন স্তরের কর্মকর্তাগণ উপস্থিত হয়ে ধর্মীয় নেতাসহ প্রকল্প সংশ্লিষ্টদের উৎসাহিত করার পাশাপাশি নিবিড়ভাবে সহযোগিতা করেছেন। সম্প্রীতি সমাবেশ, সম্প্রীতি মেলা, সম্প্রীতি অলিম্পিয়াড ও সম্প্রীতি বিষয়ক বিতর্ক

কর্মশালাসহ বিভিন্ন অনুষ্ঠান আয়োজিত হয়েছে স্থানীয় প্রশাসন ও ব্রেইভের যৌথ উদ্যোগে। এ ছাড়া ব্রেইভের অন্যান্য কার্যক্রমেও স্থানীয় প্রশাসনের ছিল সক্রিয় সহযোগিতা। ইউনিয়ন পরিষদের নির্বাচিত প্রতিনিধিদের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ইউনিয়ন পরিষদসমূহকে অংশগ্রহণের নির্দেশনা দিয়ে ব্রেইভের পক্ষ থেকে চিঠি প্রদান করেছেন বাগেরহাটের জেলা প্রশাসক। এছাড়াও জেলা শিক্ষা কর্মকর্তা শিক্ষা প্রতিষ্ঠান-সমূহকে ব্রেইভ আয়োজিত সম্প্রীতি অলিম্পিয়াডে অংশগ্রহণের জন্য, উপজেলা নির্বাহী কর্মকর্তা শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে সম্প্রীতি বিষয়ক বিতর্ক কর্মশালায় অংশগ্রহণের জন্য এবং পৌরসভার মেয়র ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ ধর্মীয় নেতাদের নিয়মিত সম্প্রীতি বিষয়ক বক্তব্য প্রদানের অহ্বান জানিয়ে চিঠি প্রদান করে ব্রেইভ প্রকল্পকে সক্রিয়ভাবে সহযোগিতা করেছেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়
বাগেরহাট সদর, বাগেরহাট।
www.sadar.bagerhat.gov.bd

মুজিব শতবর্ষ

স্মারক নং- ০৫.৪৪.০১০৮.০০০.০৬.০০১.২২.১৬৪৩

তারিখ : ৩ কার্তিক, ১৪২৯ / ১৯ অক্টোবর, ২০২২

বিষয় : সামাজিক ও আন্তঃধর্মীয় সম্প্রীতির গুরুত্ব অনুধাবন ও ধারণা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষার্থীদের নিয়ে "সম্প্রীতি বিষয়ক বিতর্ক কর্মশালায়" অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা প্রশাসন বাগেরহাট সদর, ব্রেইভ প্রকল্প-দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ ও ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশ (এনডিএফ বিডি) এর যৌথ আয়োজনে **২২ অক্টোবর ২০২২ রোজ শনিবার, যদুনাথ স্কুল এন্ড কলেজ বাগেরহাট** এর হলরুমে সামাজিক ও আন্তঃধর্মীয় সম্প্রীতির গুরুত্ব অনুধাবন ও ধারণা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষার্থীদের নিয়ে সম্প্রীতি বিষয়ক বিতর্ক কর্মশালা অনুষ্ঠিত হবে। উক্ত বিতর্ক কর্মশালায় বাগেরহাট সদর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহন করবে, যার মধ্য দিয়ে শিক্ষার্থীরা সামাজিক ও আন্তঃধর্মীয় সম্প্রীতির গুরুত্ব অনুধাবন করতে পারবে এবং একজন বিতার্কিক হওয়ার জন্য যাবতীয় দক্ষতা অর্জন করতে পারবে।

এমতবস্থায় উক্ত বিতর্ক কর্মশালায় অংশগ্রহণের জন্য আপনার শিক্ষা প্রতিষ্ঠান থেকে মেধাবী ও চৌকস চারজনের একটি শিক্ষার্থী দল প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো। এতদ্বিষয়ে যে কোন প্রয়োজনে ব্রেইভ প্রকল্প-দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ এর বাগেরহাট সদর উপজেলা সমন্বয়কারী মোঃ হাফিজুর রহমানের (০১৭২২-৭৭২৬৭৭) সাথে যোগাযোগের পরামর্শ রইলো।

(মুহাম্মদ মুছাব্বেরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
বাগেরহাট সদর, বাগেরহাট
মোবাইল: ০১৭৩৩-৩৬০২৩২
ই-মেইল: unobagerhatsadar@gmail.com

অঞ্জলী রাণী দাসের নেতৃত্বে দ্বন্দ্ব নিরসন

বাগেরহাট সদর উপজেলার রাখালগাছি ইউনিয়নের কররি দাসপাড়া গ্রাম। গ্রামের হিন্দু ও মুসলিম ধর্মাবলম্বীরা দীর্ঘদিন ধরে শান্তিপূর্ণভাবে বসবাস করে আসছে। গ্রামের বাসিন্দা পিয়ারী ও বিষ্ণুর মধ্যে জমির সীমানা সংক্রান্ত বিবাদ দীর্ঘদিনের। ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে একবার সীমানা নির্ধারণ করে দেওয়া হলেও দুই জনের মধ্যে এটা-ওটা নিয়ে বিবাদ লেগেই থাকে। ২০২১ সালের নভেম্বরের ১০ তারিখ সকালে দুই জনের মধ্যে শুরু হওয়া কথা কাটাকাটি এক পর্যায়ে হাতাহাতিতে গড়ায়। উত্তেজিত বিষ্ণু পিয়ারীর মাথায় আঘাত করলে রক্ত বেয়ে পড়ে পিয়ারীর মাথা থেকে। খবর পেয়ে কয়েকজন এসে পিয়ারীকে ধরে হাসপাতালে নিয়ে যায়। মুসলমান নারীর গায়ে হিন্দু পুরুষের হাত তোলার খবর গ্রামে রটে যেতে বেশিক্ষণ লাগেনি। মুসলমানের গায়ে কেন হিন্দু হাত দিল! পুরুষ কেন একজন নারীর গায়ে হাত দিল!–এ নিয়ে এলাকায় শুরু হলো কানাঘুষা। কেউ কেউ পিয়ারীকে পরামর্শ দিলো মামলা ঠুকার।

বিকালে হাসপাতাল থেকে মাথায় ব্যান্ডেজ নিয়ে ফিরার পথে সিএন্ডবি বাজারের মুখে অবস্থিত আওয়ামী লীগের দলীয় কার্যালয় থেকে পিয়ারীকে ডাক দেন ব্রেইভ প্রকল্পের রাখালগাছি ইউনিয়নের মেন্টর অঞ্জলী রাণী দাস। বাগেরহাট জেলা পরিষদের সাবেক সদস্য অঞ্জলী ২০২১ সালের শুরুর দিকে ব্রেইভের সঙ্গে যুক্ত হন। ব্রেইভের তিন দিনের প্রশিক্ষণ অঞ্জলীর মননে গুরুত্বপূর্ণ প্রভাব রেখেছে। প্রশিক্ষণ সম্পর্কে অঞ্জলী বলেন, 'জীবনে ভুলব না। চোখের উপর থেকে যেন পর্দা সরে গেছে। এখন হিন্দু আর মুসলমান ভাবতে লজ্জা লাগে। নিজেকে কেবল মানুষ ভাবি না কেন! প্রশিক্ষণের পর এটা মাথায় ঢুকেছে।'

পিয়ারীকে ডেকে অঞ্জলী বললেন, 'আপা আমারে দিয়ে কি আপনার ক্ষতি হয়েছে কোনো দিন?' 'না দিদি' পিয়ারী সরাসরি উত্তর দিলেন। অঞ্জলী তখন বললেন, 'তাহলে একটা কথা বললে কি রাখবেন? যদি আমরা আপনাদের সমস্যাটা এলাকায় বসে সমাধান করি তাহলে কেমন হয়?' কথাটি যেন সদ্য হাসপাতাল ফেরত মাথায় ব্যান্ডেজ পরিহিত পিয়ারীর যেন বুকে গিয়ে লাগল। রেগে মেগে পিয়ারী সেখান থেকে বেরিয়ে গেলেন। কিন্তু অঞ্জলীও হাল ছাড়ার নন। এবার পিয়ারীর ছেলেকে ডেকে বুঝানোর চেষ্টা করলেন। ছেলে বলল, 'আন্টি আপনি বললে না করব না, কিন্তু বিষ্ণু কাজটা ভালো করেনি।' 'ভালো যে করেনি সেটা আমিও জানি।' অঞ্জলী সায় দিয়ে মাথা দোলালেন। কিন্তু মামলা করলে দুই পক্ষেই অনেকে দাঁড়িয়ে যাবে, ঘটনা তখন অন্যদিকে মোড় নিবে। জমিজমার দ্বন্দ্ব দুই ধর্মীয় সম্প্রদায়ের দ্বন্দ্বে রূপ নিতে পারে, এলাকায় অশান্তির সৃষ্টি হবে। তাছাড়া মামলা খরচের ব্যাপারটিও ভাবতে বলে পিয়ারীর ছেলেকে রাজি করিয়ে ফেললেন।

পরে অন্য পক্ষকেও ডেকে রাজি করিয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে ফোন দিয়ে ঘটনা জানালেন। সব শুনে চেয়ারম্যান অঞ্জলী দাসকে বিষ্ণু ও পিয়ারীর মাঝে একটি ফায়সালা করে

দিতে অনুরোধ করেন। অঞ্জলী ভেবে দেখলেন দুই পক্ষই এখন রাগান্বিত অবস্থায় আছে, এখন বিচার করলে কারোই মনঃপুত হবে না। তিন দিন পর সালিশের দিন ফেললেন। সালিশে দুই পক্ষসহ, গ্রাম পুলিশ এবং ব্রেইভের কয়েকজন সসদ্য উপস্থিত ছিলেন। দুই পক্ষের কথা শুনে বিষ্ণুকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। বিচারের রায় দুই পক্ষ সন্তুষ্টচিত্তে মেনে নেয় এবং ঘটনা আর না বাড়ানোর সিদ্ধান্ত নেন। ব্রেইভ মেন্টর অঞ্জলী দাস শান্তিপূর্ণ দ্বন্দ্ব নিরসনের এক উদাহরণ সৃষ্টি করলেন এই হস্তক্ষেপের ফলে দাসপাড়া গ্রামের একটি জমিসংক্রান্ত দ্বন্দ্ব হিন্দু-মুসলিম দ্বন্দ্বে পরিণত হওয়া থেকে রক্ষা পায়।

বিবেকের সুবাতাস নেভাল ঘৃণার আগুন

১৩ অক্টোবর ২০২১। শারদীয় দুর্গাপূজার তৃতীয় দিন। কুমিল্লা শহরের নানুয়া দিঘীর পাড়ের একটি পূজামণ্ডপ থেকে কোরআন উদ্ধারের খবরে শহরে উত্তেজনা ছড়িয়ে পড়ে। কয়েকটি মন্দির ও পূজামণ্ডপে হামলা ও ভাংচুর হয়। এ ঘটনাকে কেন্দ্র করে দেশের বেশ কয়েকটি জেলায় হিন্দুদের ঘরবাড়ি ও মন্দিরে হামলার ঘটনা ঘটে। সংঘর্ষে নিহত হন কয়েকজন। কুমিল্লার ঘটনার এক সপ্তাহ পর ২০ অক্টোবর বিকালে বাগেরহাটের ফকিরহাটে নিজের অফিসে বসে কাজ করছিলেন ফকিরহাট ইউনিয়নের ব্রেইভ প্রকল্পের মেন্টর সাংবাদিক শেখ সৈয়দ আলী। এমন সময় পরিচিত একজন তাকে ফোন দিয়ে বাহিরদিয়া ইউনিয়নের মানসা বাজার এলাকার এক হিন্দু ছেলে ফেসবুকে ইসলাম ধর্মকে কটুক্তি করে একটি পোস্ট দিয়েছে বলে জানান। 'ফেসবুকের ফকিরহাট প্রেসক্লাব নিউজ গ্রুপটিতে পোস্ট দিয়ে সবাইকে একত্র হতে বল। ছেলেটির বাড়ি ঘেরাও করা হবে।' পোস্টটির স্ক্রিনশট পাঠিয়ে সৈয়দ আলীকে বলেন লোকটি। শেখ সৈয়দ আলী ৬৫ হাজার সদস্যবিশিষ্ট গ্রুপটির এডমিন প্যানেলের একজন।

সাংবাদিকতার সঙ্গে যুক্ত সৈয়দ আলীর জানা আছে এ ধরনের পোস্টকে কেন্দ্র করে হামলা, ভাংচুর ও সহিংসতার ঘটনা ঘটে। মাত্র তিন দিন আগেই (১৭ অক্টোবর ২০২১) রংপুরের পীরগঞ্জে ফেসবুকে কটুক্তিমূলক পোস্ট দেওয়াকে কেন্দ্র করে হিন্দুদের বাড়িঘর ও দোকানপাটে হামলার ঘটনা ঘটেছে। এক মাস আগে দক্ষিণাঞ্চলের জেলা ভোলায় ফেসবুকের একটি পোস্টকে কেন্দ্র করে উত্তেজিত জনতা এক হিন্দু পরিবারকে দুই সপ্তাহ ধরে গৃহবন্দী করে রাখে।

সৈয়দ আলীর মধ্যে আবেগ ও বিবেকের টানাপোড়ন শুরু হয়ে যায়। একদিকে তার মন চাইছিল পোস্ট শেয়ার করে সবাইকে জানিয়ে দিতে অন্যদিকে বিবেক তাকে মনে করিয়ে দিচ্ছিল ভয়াবহ পরিণতির কথা। সৈয়দ আলীর আরও মনে পড়ে যায় ব্রেইভের প্রশিক্ষণের কথা। মনে পড়ে যায় প্রশিক্ষকরা বলেছিলেন এ ধরনের ঘটনা ঘটলে উত্তেজিত না হয়ে যাচাই বাচাই করার জন্য, প্রয়োজনে প্রশাসনের সহযোগিতা গ্রহণের জন্য। আবেগ ও বিবেকের এই টানাপোড়নে সৈয়দ আলী শেষ পর্যন্ত বিবেকের ডাকেই সাড়া দিলেন। পোস্টটি গ্রুপে না দিয়ে তিনি ফকিরহাট মডেল থানার তৎকালীন ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব আবু সাঈদ মো. খায়রুল আনাম এবং ফকিরহাট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রেজাউল করিম ফকিরকে ফোন করে বিষয়টি জানিয়ে ব্যবস্থা নিতে বলেন। ফকিরহাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা তৎক্ষণাৎ একদল পুলিশ ফোর্স নিয়ে মানসাবাজারে হাজির হয়ে জমায়েত হওয়া লোকদের শান্ত করেন ও পোস্টদাতাকে আটক করেন। মেন্টর সৈয়দ আলীর দূরদর্শিতা ও বিবেকপ্রসূত সিদ্ধান্ত একটা সম্ভাব্য সহিংস পরিস্থিতি থেকে ফকিরহাট উপজেলাকে বাঁচিয়ে দেয়।

সহিংসতার ঝুঁকি নিরসনে ব্যতিক্রমী উদ্যোগ

১৩ নভেম্বর ২০২২। বিকাল গড়িয়ে পড়েছে। বাগেরহাটের ডেমা ইউনিয়নের দত্তের বেড় গ্রামের আলামিন জামে মসজিদের মুসল্লীরা আসরের নামাজ পড়ে বেরিয়ে পড়েছেন বেশ কিছুক্ষণ হয়। খালি মসজিদ। ঠিক এই সময়ে গোবরদিয়া গ্রামের তাহের [ছদ্মনাম] মসজিদের ভেতর প্রবেশ করে। মসজিদের তাকে রাখা একটি কোরআন শরীফ হাতে নিয়ে তাহের মসজিদ থেকে বের হয়ে সোজা চলে যায় পার্শ্ববর্তী পঞ্চমালা গ্রামস্থ পঞ্চাখাজা খালের দক্ষিণ পাড়ের চরে। মুহূর্তেই কোরআন শরীফটি চরের উপর রেখে পকেট থেকে দিয়াশলাই বের করে আগুন লাগিয়ে দেন।

আগুনের ধোঁয়া দেখে কয়েকজন ছুটে যান চরের দিকে। কাছে গিয়ে বিষয়টি বুঝতে পেরে তাড়াতাড়ি আগুন নিভিয়ে কোরআন শরীফটির ছাই হওয়া থেকে রক্ষা করেন। ইতোমধ্যে আরো কয়েকজন ঘটনাস্থলে এসে তাহেরকে ধরে কিল ঘুষি মারতে থাকে।

লোকজনের হট্টগোল শুনে ঘটনাস্থলে গিয়ে উপস্থিত হন ব্রেইভের ইয়ুথ টিমের সদস্য দুলাল। বিষয়টি বুঝতে পেরে দুলাল সাথে সাথে ডেমা ইউনিয়নের মেন্টর শেখ বেনজীর আহমেদকে ফোনে ঘটনাটি জানান। শেখ বেনজীর ২০২১ সালের জানুয়ারি থেকে ব্রেইভের সঙ্গে যুক্ত। সেই থেকে ব্রেইভের প্রশিক্ষিত একদল তরুণ-তরুণী নিয়ে এলাকার বিভিন্ন সামাজিক সমস্যা সমাধান ও সম্প্রীতি রক্ষায় কাজ করে যাচ্ছেন। সরকারি বিভন্ন সেবা জনগণের কাছে পৌঁছে দেওয়া থেকে শুরু করে মাদক নিরসন সব ক্ষেত্রেই ঝাপিয়ে পড়া শেখ বেনজীর দুলালের ফোন পেয়েও যথারীতি ব্যতিব্যস্ত হয়ে পড়েন। দুলালকে বললেন, ছেলেটিকে যাতে মারধর না করে আটকিয়ে রাখে। দুলালের ফোন রেখেই বেনজীর ফোন দিলেন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে।

এরই মধ্যে কেউ একজন ফেসবুকে পোস্ট দেওয়ায় ইউএনও এবং জেলা প্রশাসকের কানেও বিষয়টি চলে যায়। ইউএনও তখন চেয়ারম্যানকে ফোন দিলে চেয়ারম্যান জানালেন তিনি ঘটনাস্থলে যাচ্ছেন। এদিকে বেনজীর ঘটনাস্থলে গিয়ে দেখলেন ছেলেটি ছুটে পালিয়েছে। পরে পুলিশ ছেলেটির বাড়ি গিয়ে তাকে গ্রেপ্তার করে। শেখ বেনজীর তখন চেয়ারম্যানকে এলাকার সবাইকে শান্ত থাকার আহ্বান জানিয়ে মাইকিং করার পরামর্শ দেন। অন্যথায় মানুষের মধ্যে বিষয়টি নিয়ে কানাঘুষা চলতে থাকবে। সুযোগ সন্ধানীরা এটিকে কাজে লাগিয়ে এলাকার সম্প্রীতি নষ্ট করার চেষ্টা করবে। সেদিনই এলাকায় মাইকিং করে জানিয়ে দেওয়া হয়, এটি একটি বিচ্ছিন্ন ঘটনা। দোষীকে গ্রেপ্তার করা হয়েছে। এলাকার মানুষদের বিচলিত হওয়ার কিছু নেই। কোরআন পোড়ানোর ঘটনায় ডেমায় কিছুটা উত্তেজনা ও সহিংস পরিস্থিতির সম্ভাবনা তৈরি হলেও সহিংসতার ঝুঁকি কমানোর জন্য মেন্টর শেখ বেনজীরের প্রচেষ্টা পরিস্থিতি উত্তরণে সফলতা বয়ে আনে।

সংঘাত নয়, মিলনের আলো

মো. আলিমুজ্জামান। বাগেরহাট সরকারি পিসি কলেজের প্রাণিবিদ্যা বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র। থাকেন বাগেরহাট সদরের খানপুর ইউনিয়নের দক্ষিণখানপুর গ্রামে। প্রায় সমান সংখ্যক হিন্দু ও মুসলিম অধ্যুষিত গ্রামটিতে ছোটবেলা থেকেই আলিমুজ্জামান দুই ধর্মের মানুষের মধ্যে শান্তিপূর্ণ সহাবস্থান দেখে আসছেন। দুই সম্প্রদায়ে তেমন একটা দ্বন্দ্ব-সংঘাত নেই বললেই চলে। শুধু একটা বিষয় আলিমুজ্জামানকে ভাবাতো। গ্রামের কালীবাড়ি বাজারের ওপরই গ্রামের কেন্দ্রীয় মসজিদটির অবস্থান, গ্রামের সবচেয়ে বড় মন্দিরটিও এখানে। একটা থেকে আওয়াজ দিলে অপরটাতে শোনা যায় এমন একটা অবস্থা।

মন্দিরে প্রায় সময় বিভিন্ন পূজা অর্চনা থাকে, ঢোলের শব্দ, ঘণ্টাধ্বনি ইত্যাদি মুসলমানদের নামাজে বিঘ্ন সৃষ্টি করে। এ নিয়ে মুসলমানদের মনে বিরাজ করে চাপা ক্ষোভ। আবার মসজিদে কোনো ওয়াজ মাহফিল হলে মন্দিরের পূজা অর্চনায় সমস্যা সৃষ্টি হয়। এ নিয়ে রয়েছে হিন্দুদের মনে চাপা ক্ষোভ। লোকজন বিষয়টি নিয়ে বড় কোনো ঘটনা না ঘটালেও নিজেরা নিজেরা বলাবলি করত। বিষয়টির সুরাহা না হলে যেকোনও সময় ঘটে যেতে পারে মারাত্মক কোনও সংঘাত-সহিংসতার ঘটনা, তাই বিষয়টির সুরাহা কীভাবে করা যায় তা ছিল আলিমুজ্জামানের ভাবনার বিষয়।

২০২০ সালের শেষের দিকে ব্রেইভের সাথে পরিচয় ঘটে আলিমুজ্জামানের। তিনি ২০২১ সালের জানুয়ারিতে উগ্রতা ও সহিংসতা প্রতিরোধ এবং সম্প্রীতির গুরুত্ব নিয়ে তিন দিনের প্রশিক্ষণে অংশ নেন। আলিমুজ্জামান তার এলাকার সমস্যাটি প্রশিক্ষণে উপস্থাপন করেন। প্রশিক্ষক তাকে মসজিদ ও মন্দির কমিটির সাথে বসে সমস্যাটি সমাধানের জন্য কথা বলার পরামর্শ দেন। প্রশিক্ষণ শেষে এলাকায় এসে আলিমুজ্জামাস একটি ইয়ুথ টিম গঠন করে সবার সাথে বৈঠকে বসেন এবং বিষয়টি তুলে ধরেন। এরপর তিনি মসজিদ ও মন্দির কমিটিকে বুঝানোর চেষ্টা করেন–এলাকায় হিন্দু মুসলিমের শান্তিপূর্ণ বসবাস, শুধু এ বিষয়ে দ্বন্দ্ব থাকবে কেন। দুই ধর্মের মানুষের মধ্যে এই সামান্য বিষয় নিয়ে চাপা ক্ষোভ হঠাৎ বড় কিছুতে রূপান্তর হতে পারে। এলাকায় সহিংসতা সৃষ্টি হয়ে যেতে পারে। প্রথম দিকে কেউ বিরক্তি প্রকাশ, কেউবা উপেক্ষা করলেও তার আন্তরিক আহ্বান এবং লেগে থাকার ফলে এক পর্যায়ে দুই পক্ষ একত্রে বসতে রাজি হন।

২০২১ সালের ২৭ ফেব্রুয়ারি সন্ধ্যায় এলাকার এক চায়ের দোকানে মসজিদ ও মন্দির কমিটির প্রধান ব্যক্তিরা বৈঠকে বসেন। দুই পক্ষের আলাপের পর মন্দির কমিটি তাদের অনুষ্ঠানে মাইক, ঘণ্টা ইত্যাদি বাজানোর ক্ষেত্রে আজানের পর আধা ঘন্টা পর্যন্ত বিরতি দিতে রাজি হন। মসজিদ কমিটিও ওয়াজ মাহফিলের আয়োজন করলে আগে থেকে মন্দির কমিটিকে জানিয়ে দেবেন, যাতে ঐ সময় মন্দিরে কোনো অনুষ্ঠান থাকলে আগে-পিছে করে নিতে পারেন। এরপর থেকে প্রায় মুখোমুখি অবস্থিত এই দুটি মন্দির ও মসজিদের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে কমিটি সময়ের সমন্বয় করে নিজেদের অনুষ্ঠান পরিচালনা করছেন।

লিয়াকত আলী মোড়লের মানবিক কিংবদন্তি

বাগেরহাট সদর উপজেলার কুন্ডপাড়া গ্রামের দরিদ্র পান ব্যবসায়ী শ্রী পবন কুমার কুণ্ড দীর্ঘদিন ধরে হার্টের অসুখে ভুগছিলেন। চিকিৎসার জন্য ডাক্তার দেখিয়েছেন বিভিন্ন জায়গায়। সর্বশেষ খুলনায় ডাক্তার দেখিয়ে এসে ভাবলেন পাশের গ্রামের ডাক্তার মাজেদ আলী মোড়লের কাছে গিয়ে কাগজপত্রগুলো একবার দেখিয়ে আনবেন। মাজেদ আলী মোড়ল কর্মজীবনে সামরিক বাহিনীর মেডিকেল অ্যাসিসটেন্ট হিসেবে কর্মরত ছিলেন। অবসরের পর গ্রামে এসে ডাক্তারি শুরু করেন। ২০২১ সালের অক্টোবরের ৫ তারিখ সকাল ১০টার দিকে পবন কুমার কাগজপত্র সব নিয়ে মাজেদের বাড়ি গেলেন। ডাক্তার কাগজগুলো হাতে নিয়ে উল্টে দেখতে দেখতেই পবনের ভীষণ পানির তেষ্টা পেল। বাড়ির ভেতর থেকে পানি আনতে আনতেই হার্টবিট বন্ধ হয়ে যায় পবন কুমারের। মাজেদ তাড়াতাড়ি করে তাকে শুইয়ে দিলেন, জল মুখে দেওয়ার আগেই ইহলোক ত্যাগ করলেন শ্রী পবন কুমার কুণ্ড।

মুসলমান বাড়িতে হিন্দু মারা যাওয়ার খবরে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়। পবনের হিন্দু প্রতিবেশীরা বলাবলি করতে লাগল মুসলমান বাড়িতে মারা গিয়ে পবন পূর্ণদোষ নিয়ে ইহলোক ত্যাগ করেছে। পবনের স্ত্রী বাড়ি বাড়ি গিয়ে অনুনয়-বিনয় করলেন পবনের মরদেহ বয়ে আনার, কিন্তু পূর্ণদোষ নিয়ে মারা যাওয়া পবনের মৃতদেহ বয়ে আনতে রাজি হলেন না কেউ।

খবর পেয়ে পবনের বাসায় ছুটে গেলেন ব্রেইভের মাস্টার ট্রেইনার মো. লিয়াকত আলী মোড়ল। তিনি কর্মজীবনে সামরিক বাহিনীর নন কমিশন অফিসার (সার্জেন্ট) ছিলেন। ২০০৫ সালে অবসরের পর গ্রামে চাষাবাদ আর সমাজ সেবামূলক কর্মকাণ্ড করে দিন কাটাচ্ছেন। ব্রেইভের সঙ্গে যুক্ত হন ২০২০ সালে। লিয়াকত আলী মোড়ল ব্যক্তিজীবনে একজন ধর্মপরায়ণ মানুষ হলেও তাঁর মনের মধ্যে কোনো কুসংস্কার নেই। পবনের স্ত্রীর কাছে ঘটনার আদ্যোপান্ত শুনে লিয়াকত আলী নিজেই পবনের সৎকার করার উদ্যোগ গ্রহণ করলেন। পরিচিত আরও কয়েকজনকে ডেকে নিজের কাঁধে তুলে নিলেন খাটিয়ার একটি খুটি। খাটিয়া বহন করে নিয়ে গেলেন শ্মশানে। হিন্দুর লাশ মুসলমানরা বয়ে নিয়ে যাওয়ার খবরে হিন্দুরা লজ্জিত ও অনুতপ্ত হলো, বুঝতে পারল নিজেরা প্রশ্নের সম্মুখীন হবে। অবশেষে তারা শ্মশানে গিয়ে নিজেদের ধর্মীয় বিধান অনুযায়ী পবনের মৃতদেহ সৎকারের ব্যবস্থা করল। এক বিরল ব্যতিক্রমী উদাহরণ সৃষ্টি হয় লিয়াকত আলী মোড়লের মানবিক উদ্যোগে, যে গল্প আজও কিংবদন্তির মতো এলাকার মানুষের মুখে মুখে ফেরে।

সহিংসতা প্রতিরোধে এক অনন্য নজির

বাগেরহাট মেডিকেল অ্যাসিসটেন্ট ট্রেইনিং স্কুলের (ম্যাটস) তৃতীয় বর্ষের শিক্ষার্থী অন্তরা বিশ্বাস [ছদ্মনাম]। মুসলিম প্রেমিকের সাথে মনোমালিন্য হওয়ায় ১২ এপ্রিল ২০২১ রাতে নিজের ফেসবুকে "এক নারীর মুড সুইং নিতে পারেন না আবার ৭০টা হুরের স্বপ্ন দেখে" লেখা একটি স্টোরি (মাই ডে অপশনে) শেয়ার করেন। সকাল হতে হতেই অন্তরার স্টোরির স্ক্রিনশট ভাইরাল হয়ে যায়। ম্যাটসের কয়েকজন মুসলিম শিক্ষার্থী ধর্মীয় মুসলিম সম্প্রদায় ব্যানারে ইসলাম ধর্মকে অবমাননা, কটুক্তি ও হেয় প্রতিপন্ন করার অভিযোগে অন্তরাকে ক্যাম্পাস থেকে বহিস্কার ও বয়কট করার আহ্বান জানিয়ে পরদিন ১৩ এপ্রিল সকালে সমাবেশের ডাক দেয়।

ব্রেইভের যাত্রাপুর ইউনিয়নের প্রশিক্ষণপ্রাপ্ত তরুণ রনি মাহমুদ বিষয়টি বাগেরহাট সদর উপজেলা সমন্বয়কারী হাফিজুর রহমানের নজরে আনেন। হাফিজুর তৎক্ষণাৎ জেলা সহিংস উগ্রপন্থা প্রতিরোধ কমিটির সভাপতি এস কে এস হাসিব ও সম্পাদক অ্যাডভোকেট সেলিম আজাদকে ফোনে বিষয়টি অবহিত করেন এবং প্রয়োজন হলে আইনশৃঙ্খলা বাহিনীর সহযোগিতার ব্যবস্থা করতে অনুরোধ করেন। এরপর তিনি কয়েকজন ইয়ুথ লিডারকে ফোন করে আসতে বলেন।

হাফিজুর ও ইয়ুথ লিডাররা যখন ম্যাটসে পৌঁছালেন তখন বাজে বেলা ১২টা। থমথমে ক্যাম্পাস। একজনকে প্রিন্সিপালের রুম কোথায় জিজ্ঞেস করলে দেখিয়ে দিলেন, তবে তারা গিয়ে প্রিন্সিপালকে রুমে পেলেন না। ব্রেইভ টিম তখন খোঁজ নিয়ে জানতে পারলেন হোস্টেলে একটি রুমে ছাত্ররা অন্তরার বিষয়টি নিয়ে মিটিং বসেছে। রুমে গিয়ে দেখতে পেলেন ২৫-৩০ জনের একটি দল মিটিং করছে।

ব্রেইভ টিমকে দেখে ছাত্ররা জিজ্ঞাসু দৃষ্টি নিয়ে তাকালে হাফিজুর বললেন, আমরা দি হাঙ্গার প্রজেক্ট থেকে এসেছি, আমরা উগ্রবাদ নিরসনে সামাজিক সম্প্রীতি প্রতিষ্ঠায় কাজ করি। আপনাদের সাথে একটু কথা বলতে চাই। এরপর ব্রেইভ টিমের সদস্যরা প্রায় দুই ঘন্টা ধরে তাদেরকে বুঝানোর চেষ্টা করেন। ব্রেইভের ট্রেনিং মডিউল থেকে ভিন্নমতের প্রতি শ্রদ্ধা, পারস্পরিক সহমর্মিতা ও সামাজিক সহাবস্থানের গুরুত্ব ইত্যাদি তাদের সামনে তুলে ধরেন। তাদের গৃহীত পদক্ষেপ যে দেশের আইন ও সংবিধান পরিপন্থী এবং এর পরিণাম যে কতটা ভয়াবহ হতে পারে তাও উল্লেখ করেন। ছাত্রদের মধ্যে কেউ কেউ একটু উচ্চবাচ্য করার চেষ্টা করলেন, কেউ আবার বললেন এসব বই পুস্তকের কথা বইয়েই রাখেন। সে ধর্ম অবমাননা করেছে তার শাস্তি হতে হবে। তখন তাদেরকে বলা হলো এ নিয়ে বড় কিছু ঘটে গেলে আপনারা যারা এটা শুরু করছেন তাদের ওপরই কিন্তু দায় বর্তাবে। পুলিশ আপনাদের বিরুদ্ধেই ব্যবস্থা নিবে। এরপরও যদি আপনারা আপনাদের পরিকল্পনা অনুযায়ী অগ্রসর হন, আমরা প্রশাসনকে জানাতে বাধ্য হবো–এটি শুনে ছাত্ররা কিছুটা নমনীয় হয়। 'তাহলে সমাধান কী?' একজন ছাত্র জিজ্ঞেস করল। ব্রেইভ দল তাদেরকে প্রতিষ্ঠান বরাবর শাস্তি চেয়ে দরখাস্ত করার পরামর্শ দেন আর ফেসবুকের সব পোস্ট ডিলিট বা অনলি মি করে দিতে বলেন, যাতে অন্য কেউ দেখতে না পারে। ছাত্ররা তখন ফেসবুকে ঢুকে পোস্টগুলো ডিলিট বা অনলি মি করে দেন। আলাপ-আলোচনার মাধ্যমে বাগেরহাটকে একটি বড় ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটার হাত থেকে রক্ষা করে ব্রেইভ দল সহিংসতা প্রতিরোধে এক অনন্য নজির স্থাপন করে।



মুক্তিযোদ্ধা ইউনুস আলীর উদ্যোগ : সংঘাত নয়, সম্প্রীতির জয়

১৬ ডিসেম্বর ২০২১। বাগেরহাটের মোংলা উপজেলার চিলা ইউনিয়ের কলাতলা দুর্গা মন্দিরের সামনের মাঠে বিজয় দিবস উপলক্ষে আয়োজন করা হয়েছে এক ক্রিকেট টুর্নামেন্টের। কলাতলা বরাবর সুন্দরবনের পশুর নদীর পূর্ব দিকে ঠিক নদীর পাড় ঘেঁষেই এই মাঠ। ওপারে সুন্দরবন। নয়নাভিরাম এই প্রাকৃতিক সৌন্দর্যের মধ্যে ক্রিকেট খেলা উপভোগ করতে জড় হয়েছে কয়েকশ মানুষ। মাঠ থেকে এক-দেড় কিলো দূরে অবস্থিত একটি মাদ্রাসার দুই ছাত্র রাব্বী ও দিদার সেদিন বাড়ি যাওয়ার জন্য ব্যাগে করে কাপড় চোপড় নিয়ে বের হয়। যাওয়ার পথে খেলার মাঠের কিনার থেকে তাদের বন্ধু সম্রাট মণ্ডলের ডাক শুনে খেলা দেখা শুরু করে। খেলা দেখার একপর্যায়ে রাব্বী ও দিদার মন্দিরের সামনে দাঁড়িয়ে ছবি তোলা শুরু করে। বন্ধুদের ছবি তুলতে দেখে সম্রাটেরও বন্ধুদের সাথে ছবি তুলতে ইচ্ছা করে। তিনজনের একই পোশাকে ছবি তোলার জন্য রাব্বী ব্যাগের ভিতর থেকে একটা পাঞ্জাবী টুপি বের করে সম্রাটকে পরতে বলে।

হিন্দু ছেলেকে টুপি পাঞ্জাবী পরে ছবি তুলতে দেখে আশপাশের কয়েকজন তাদেরকে সন্দেহ করে জেরা শুরু করে দেয়। জেরার মুখে পড়ে তিনজনেই ভীত হয়ে পড়ে। এক পর্যায়ে জটলা তৈরি হয়ে যায় এবং নানা জন নানা কথা বলতে শুরু করে। কেউ বলে এটি মুসলমানদেরকে ফাঁসানো ষড়যন্ত্র, আবার কেউ বলে এটি হিন্দুদেরকে ফাঁসানোর ষড়যন্ত। একটা হিন্দু-মুসলিম দ্বন্দ্বের দিকে পরিস্থিতি মোড় নিচ্ছিল। অবস্থা বেগতিক দেখে ঘটনাস্থলে উপস্থিত ব্রেইভের ইয়ুথ চিনা মিস্ত্রী চিলা ইউনিয়নের মেন্টর ও পিভিই কমিটির উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা কমান্ডার মো. ইউনুস আলীকে ফোনে বিষয়টি জানান।

ইউনুস আলী বর্তমানে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর একজন ইউনিয়ন কমান্ডার। যুবক বয়সে দেশ মাতৃকার আহ্বানে সাড়া দিয়ে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলেন। যুদ্ধ করেছেন ৯ নং সেক্টরের অধীনে। মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য ২০২২ সালে পেয়েছেন মুক্তিযুদ্ধ পদক। ২০২০ সালে কমান্ডার ইউনুছ আলীকে সমাজে শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠার লক্ষ্যে ব্রেইভের সাথে কাজ করার আহ্বান জানানো হলে তিনি সাড়া দিতে বিন্দুমাত্র বিলম্ব করেননি। সেই থেকে চিলা ইউনিয়নের এক দল প্রাণোচ্ছল তরুণ-তরুণী নিয়ে সম্প্রীতি প্রতিষ্ঠায় কাজ করে যাচ্ছেন তিনি। সেদিন খেলার মাঠের ঘটনার খবর পাওয়ার সাথে সাথেই তিনি মাঠে ছুটে যান। সকলকে বুঝানোর চেষ্টা করেন বাচ্চা ছেলেরা নিশ্চয়ই অত ভেবে কিছু করেনি। দুই পক্ষকে বুঝিয়ে বাচ্চাদের ছেড়ে দিতে রাজি করান এবং পরদিন একসাথে বসে ঠাণ্ডা মাথায় আলোচনা করার আহ্বান জানান।

পরদিন স্থানীয় চায়ের দোকানে দুই পক্ষ এবং সাথে আরও কয়েকজন গণ্যমান্য ব্যক্তি নিয়ে আলোচনায় বসেন ইউনুস আলী। সবাইকে বুঝান বাচ্চারা মজার ছলে একটা ছবি তুলেছে, সেটা নিয়ে বড়রা বাড়াবাড়ি করে বিষয়টাকে বড় করলে এলাকায় অস্থিতিশীল পরিস্থিতি তৈরি হবে, দুই ধর্মীয় সম্প্রদায়ের মধ্যে শান্তি বিঘ্নিত হবে। উপস্থিত সকলে বিষয়টি বুঝতে পারেন এবং বিষয়টি আর না বাড়ানোর সিদ্ধান নেন। এভাবে ব্রেইভ মেন্টর কমান্ডার ইউনুস আলীর হস্তক্ষেপের ফলে একটা আশু হিন্দু-মুসলিম সংঘাতের শান্তিপূর্ণ সুরাহা ঘটে।

শান্তির সপক্ষে মোংলা

৬ আগস্ট ২০২২। মোংলা উপজেলার চাঁদপাই ইউনিয়নের কানাইনগর গ্রামের কানাইনগর সর্বজনীন কালী মন্দিরের সামনের মাঠে ফুটবল খেলছিল একদল কিশোর। মন্দির কমিটির সভাপতি দেবাশিষ বিশ্বাস মন্দিরের সামনে খেলতে নিষেধ করলে দুই পক্ষের মধ্যে কথা কাটাকাটি শুরু হয়। এক পর্যায়ে খেলা বন্ধ হয় যায়। পরদিন ভোরে ঘুম থেকে ওঠে মন্দিরের পূজারী শান্তনা রাণী মন্দিরে গিয়ে দেখতে পান প্রতিমার ভাঙা টুকরো মেঝেতে ছড়িয়ে রয়েছে। হতভম্ব শান্তনা রানী প্রতিবেশীদের বিষয়টি জানান।

মন্দির ভাঙচুরের খবর ছড়িয়ে পড়লে এলাকায় ক্ষোভ ও উত্তেজনা দেখা দেয়। দীর্ঘদিন ধরে ভিন্ন ভিন্ন ধর্মের মানুষ শান্তিপূর্ণভাবে বসবাস করে আসা কানাইনগরে এ ধরনের ঘটনা ব্যথিত করে মানবিকবোধসম্পন্ন মানুষদের। তেমনি একজন মানবিক মানুষ ব্রেইভ মেন্টর নুর আলম শেখ। মন্দির ভাঙচুরের খবর পাওয়ার সাথে সাথেই নুর আলম মোংলার উপজেলা নির্বাহী অফিসারকে ফোন করে ঘটনা অবহিত করেন। পরে তিনি পুলিশ ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোল্লা মোহাম্মদ তারিকুল ইসলামকে নিয়ে মন্দির পরিদর্শন করেন এবং মন্দির কমিটিসহ স্থানীয় বাসিন্দাদের সাথে কথা বলে সবাইকে শান্ত থাকার পরামর্শ দেন। ব্রেইভ সদস্যরা তখন এলাকায় ধর্মীয় সহাবস্থান ও সম্প্রীতির গুরুত্ব জনগণের মধ্যে তুলে ধরার লক্ষ্যে একটি সম্প্রীতি সমাবেশ আয়োজনের প্রস্তাব করে। স্থানীয় প্রশাসন ও পুলিশ প্রস্তাবে একমত পোষণ করলে ওইদিন এলাকায় এলাকায় মাইকিং করে সমাবেশের খবর সবাইকে জানিয়ে দেওয়া হয়। পরদিন ৮ আগস্ট ২০২২ ইউনিয়নের কানাইনগর মোড়ে সম্প্রীতি সমাবেশটি অনুষ্ঠিত হয়। সর্বদলীয় সম্প্রীতি উদ্যোগ, উপজেলা সামাজিক সম্প্রীতি কমিটি এবং ব্রেইভ প্রকল্পের উদ্যোগে এই সম্প্রীতি সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে মোংলা উপজেলা নির্বাহী অফিসার কমলেশ মজুমদার, সহকারী পুলিশ সুপার মো. আসিফ ইকবাল, স্থানীয় বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষ নেতৃবৃন্দ, ধর্মীয় নেতা ও সকল ধর্মের সাধারণ জনগণ উপস্থিত ছিলেন। সমাবেশে বক্তারা কালী মন্দিরের ভাঙচুরের নিন্দা জানিয়ে প্রকৃত অপরাধী-দের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন।

সম্প্রীতি সমাবেশে উপস্থিত এলাকার স্থানীয় অধিবাসীরা সম্প্রীতি এবং ভিন্ন মত ও ধর্মের প্রতি শ্রদ্ধার গুরুত্ব অনুধাবন করেন। পাশাপাশি, গ্রামে সম্প্রীতি বিনষ্ট হয় এমন ঘটনা যাতে না ঘটে সে ব্যাপারে সবাই সতর্ক থাকার শপথ নেন। পরবর্তীতে পুলিশ মন্দির ভাংচুরের দায়ে তিনজনকে আটক করে। ব্রেইভ সদস্যদের তড়িৎ এই উদ্যোগের ফলে কানাইনগর মন্দির ভাঙচুরের ঘটনার একটি শান্তিপূর্ণ সমাধান হয়।

